কালের কণ্ঠ

তারিখ 07 OCT 2017 পৃষ্ঠা ২ কলাম ৫

# এসএসসির ফরম পূরণে নেওয়া যাবে সর্বোচ্চ ১৫৫০ টাকা

শরীফুল আলম সুমন ▷

২০১৮ সালের এসএসসি ও সমমানের পরীক্ষায় ফরম পূরণের ক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি সর্বোচ্চ ফি নির্ধারণ করা হয়েছে এক হাজার ৫৫০ টাকা। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য এই ফি নির্ধারণ করা হয়েছে। আর মানবিক ও বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের ফি আরো কম। তাদের ফি সর্বোচ্চ এক হাজার ৩৭০ টাকা নির্ধারণ করা হয়েছে। সব বিভাগের জন্যই বিলম্ব ফি নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা। ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে এসব তথ্য জানা গেছে।

সূত্র মতে, এসএসসি ও সমমানের পরীক্ষায় অনলাইনে ফরম পূরণের সময়সীমা নির্ধারণ করা হয়েছে ৭ থেকে ১২ নভেম্বর পর্যন্ত। তবে বিলম্ব ফি দিয়ে ১৪ থেকে ১৮ নভেম্বর পর্যন্ত অনলাইনে ফরম পূরণ করা যাবে।

**অনলাইনে ফরম পূরণ ৭-১২ নভেম্বর**

আর সব শিক্ষাপ্রতিষ্ঠানকে ৫ নভেম্বরের মধ্যে এসএসসি ও সমমানের নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশ করতে হবে। এসব বিধান রেখেই সম্প্রতি আন্ত শিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটি এসএসসির ফরম পূরণের বিস্তারিত তথ্য প্রকাশ করেছে।

জানা যায়, শিক্ষা বোর্ডগুলো এসএসসির ফরম পূরণের ক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি ন্যূনতম ফি নির্ধারণ করলেও স্কুলগুলো তিন থেকে সাত গুণ পর্যন্ত টাকা আদায় করে থাকে। সবচেয়ে বেশি টাকা আদায় করে নামিদামি স্কুলগুলো। তবে বোর্ডগুলোর কড়াকড়ির কারণে বেশির ভাগ প্রতিষ্ঠানই এখন ভিন্ন পন্থায় অতিরিক্ত ফি আদায় করছে। ফরম পূরণের জন্য একটি রসিদ দিয়ে বোর্ড নির্ধারিত ফির প্রায় সমপরিমাণ অর্থই আদায় করা হচ্ছে। তবে অন্য একটি রসিদে উন্নয়ন ফিসহ নানা নামে অতিরিক্ত টাকা নেওয়া হচ্ছে। কিন্তু শিক্ষার্থীকে ফরম পূরণ করতে হলে দুটি রসিদের সম্পূর্ণ টাকাই পরিশোধ করতে হয়।

এসএসসির ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রকাশ হওয়ায় এবারও আতঙ্কে আছেন অভিভাবকরা। স্কুলগুলো কত টাকা ফি নির্ধারণ করে সেই অপেক্ষায় আছেন তাঁরা। তবে আগের বছরগুলোতে ফরম পূরণের অতিরিক্ত টাকার বিষয়ে অভিভাবকরা আদালতের দ্বারস্থ হলেও কোনো না কোনো কৌশলে ঠিকই কয়েক গুণ টাকা আদায় করেছে স্কুলগুলো।

ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে জানা যায়, এবার এসএসসি ও সমমানের পরীক্ষার ফরম পূরণে প্রতি পত্রের জন্য ফি নির্ধারণ করা হয়েছে ৮০ টাকা। প্রতি পত্রের ব্যবহারিক ফি ৩০ টাকা, শিক্ষার্থীপ্রতি ট্রান্সক্রিপ্ট ফি ৩৫ টাকা, মূল সনদ ফি ১০০ টাকা, স্কাউট ও গার্লস গাইড ফি ১৫ টাকা, শিক্ষা সপ্তাহ ফি পাঁচ টাকা এবং শিক্ষাপ্রতিষ্ঠানপ্রতি বার্ষিক ক্রীড়া অ্যাফিলিয়েশন ফি নির্ধারণ করা হয়েছে ৩০০ টাকা। এ ছাড়া ব্যবহারিক নেই এমন শিক্ষার্থীদের কেন্দ্র ফি ২৫০ টাকা এবং যাদের ব্যবহারিক আছে তাদের ফি ৩০০ টাকা নির্ধারণ করা হয়েছে। তবে অনিয়মিত শিক্ষার্থীদের অতিরিক্ত ১০০ টাকা ফি দিতে হবে। ফলে সব মিলিয়ে একজন নিয়মিত শিক্ষার্থীকে ফরম পূরণের ফি দিতে হবে সর্বোচ্চ এক হাজার ৫৫০ টাকা।

এসব বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. মাহবুবুর রহমান কালের কণ্ঠকে বলেন, 'সকলকে জানানোর জন্যই আমাদের ওয়েবসাইটে আমরা এসএসসির ফরম পূরণের বিস্তারিত তথ্য প্রকাশ করেছি। আমরা চাইব সকল শিক্ষাপ্রতিষ্ঠান বোর্ড কর্তৃক নির্ধারিত ফি গ্রহণ করুক। কিন্তু কেউ যদি অতিরিক্ত টাকা আদায় করে, তাদের বিরুদ্ধে অবশ্যই শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।'